# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**20 JUNE 2025** **7:45—7:55 PM IST**

=================================================

(১) ও এন জি সি'র রুদ্রসাগরের গ্যাস নির্গমন হতে থাকা তেলখাদটি স্থায়ীভাবে বন্ধ করার সিদ্ধান্ত / পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য আমেরিকার তিন সদস্যের একটি বিশেষজ্ঞ দল উপস্থিত/

(২) আসামের বিশিষ্ট ব্যক্তিত্ব কলাগুরু বিষ্ণুপ্রসাদ রাভার ৫৭তম প্রয়াণ দিবস আজ সমগ্র রাজ্যের সঙ্গে বরাক উপত্যকায়ও বিভিন্ন কার্যসূচীর আয়োজন/

(৩) আসাম লোকসেবা আয়োগের পরীক্ষায় অনিয়মের মামলায় বরখাস্ত এ সি এস আধিকারিকদের চাকরি বহাল রাখতে গৌহাটি হাইকোর্টের নির্দেশ/

এবং

(৪) বিশ্বের বিভিন্ন প্রান্তে আগামীকাল একাদশ আর্ন্তজাতিক যোগ দিবস উদযাপন/ বরাক উপত্যকায় যোগ দিবসের প্রস্তুতি সম্পূর্ণ/

-----------------------------------------------------------------------------------------

শিবসাগর জেলার রুদ্রসাগরের ১৪৭ নম্বর তেলখাদটি সেল ও প্রাকৃতিক গ্যাস নিগম- ও এন জি সি স্থায়ীভাবে বন্ধ করে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে । ইতিমধ্যে গ্যাসের চাপ হ্রাস করে রিগ'টির গ্যাস অন্য কূপে নিয়ে যাওয়ার প্রচেষ্টা আরম্ভ হয়েছে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা আজ দিসপুরের লোকসেবা ভবনে এক সাংবাদিক সম্মেলনে বলেছেন যে- বিগত আটদিন ধরে ও এন জি সি একাধিক পদ্ধতি ব্যবহার করে গ্যাস নির্গমন রোধ করার চেষ্টা করে আসছে । ও এন জি সি গ্যাস নির্গমনের সুরুঙ্গটি ঢাকতে অধিক সুরক্ষিত কৌশল প্রয়োগ করেছে এবং এরজন্যে প্রায় ৫০ শতাংশ কাজ

ইতিমধ্যে সম্পূর্ণ হয়েছে বলে মুখ্যমন্ত্রী প্রকাশ করেছেন । পরিস্থিতি নিয়ন্ত্রণে সহযোগিতা করার জন্য আমেরিকা থেকে তিনজনের বিশেষজ্ঞ দল আজ সন্ধ্যায় সেই স্থানে এসে উপস্থিত হয়েছেন । এ সম্পর্কে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা বলেন-

বাইট

-----------

---------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেছেন যে প্রসুতি মৃত্যুর হার হ্রাসের ক্ষেত্রে আসাম অভাবনীয় সাফল্য লাভ করেছে ।গতকাল দিসপুরে এক সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী বলেন যে কেন্দ্রীয় সরকারের প্রকাশিত তথ্য অনুযায়ী ২০০১ সাল থেকে ২০০৩ সাল পর্যন্ত সেম্পল রিসার্চ সিস্টেম অনুযায়ি রাজ্যে প্রতি ১ লক্ষ প্রসুতির মধ্যে ৪৯০ জনের মৃত্যু হয়েছে ।২০১৮ থেকে ২০২০ সাল পর্যন্ত এই সংখ্যা ১৬৭ তে হ্রাস পেয়েছে , অনুরূপভাবে ২০২০ থেকে ২০২২ সাল পর্যন্ত প্রসুতী মৃত্যুর হার ১২৫ শে হ্রাস পেয়েছে ।রাজ্যে নবজাতকের মৃত্যুর হার পূর্বের ৬৮ শতাংশ থেকে ৩২ শতাংশে হ্রাস পেয়েছে বলেও মুখ্যমন্ত্রী জানান ।এদিকে রাজ্যের প্রতিটি বিধানসভা এলাকায় ১০০ শয্যার হাসপাতাল নির্মান করার পরিকল্পনা করা হচ্ছে এবং ২০২৯ সালের মধ্যে প্রতিটি জেলায় মেডিক্যাল কলেজ স্থাপন করারও লক্ষ্য নির্ধারণ করা হয়েছে বলে তিনি উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------------

আসামের বিশিষ্ট ব্যক্তিত্ব কলাগুরু বিষ্ণুপ্রসাদ রাভার ৫৭ তম প্রয়াণ দিবস আজ সমগ্র রাজ্যে বর্ণাঢ্য কার্যসূচীর মাধ্যমে পালন করা হয়েছে । উল্লেখ্য- প্রয়াত রাভা স্বাধীনতা সংগ্রাম থেকে শুরু করে শিল্প, সাহিত্য, সংস্কৃতি এবং বৌদ্ধিক ক্ষেত্রে অনবদ্য অবদান জুগিয়েছেন । তাঁর সংগ্রামী জীবনাদর্শ এবং সৃষ্টিরাজী প্রত্যেক আসামবাসীকে চিরদিন অনুপ্রাণিত করে আসছে। রাজ্য সরকারের সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের উদ্যোগে এবং নলবাড়ী জেলা প্রশাসনের সহযোগিতায় আজ নলবাড়ীর সরকারী গর্ডন উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে বিষ্ণু রাভা দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানের আয়োজন করা হয় । এই দিবসের সঙ্গে সঙ্গতি রেখে বেশকয়েকজন খ্যাতনামা ব্যক্তিকে জাতীয় এবং রাজ্য পর্যায়ের পুরস্কার প্রদান করা হয়েছে । তিনটি জাতীয় পর্যায়ের পুরস্কারের মধ্যে বিশিষ্ট সংস্কৃত পন্ডিত, গবেষক, শিক্ষাবিদ ডঃ থানেশ্বর শর্মাকে শ্রী শ্রী মাধবদেব পুরস্কার, বিশিষ্ট কবি-সাহিত্যিক ধনেশ্বর ইংতিকে কালীচরণ ব্রহ্ম পুরস্কার এবং সিন্দুর

অভিযানে শহীদ মণিপুরের বীর জওয়ান দীপক চিংগাখাম'কে বীর চিলারায় পুরস্কার প্রদান করা হয়েছে । এছাড়া রাজ্য পর্যায়ে চারটি পুরস্কারও দেওয়া হয়েছে ।

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ কলাগুরু বিষ্ণুপ্রসাদ রাভার প্রয়াণ দিবস বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে পালন করা হয়েছে। কাছাড় জেলায় আজ এই উপলক্ষে বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানে বিষ্ণু রাভার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করা হয় । আজ সকালে- ছটা থেকে সাতটা পর্যন্ত জনসংযোগের মাইকযোগে শিলচর শহরের বিভিন্ন স্থানে রাভা সঙ্গীত বাজানো হয়েছে । এদিকে কাছাড়ের জেলা প্রশাসনের উদ্যোগে এবং শিলচরের জনসংযোগ বিভাগ ও সাংস্কৃতিক পরিক্রমা বিভাগের সহযোগিতায় আজ এই দিবস উপলক্ষে এক বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । কাছাড় জেলার সাতটি বিধানসভা এলাকার প্রত্যেকটির পাঁচটি স্থানে একটি করে বাহন বিষ্ণুরাভা সঙ্গীত বাজিয়ে পরিক্রমা করেছে । এছাড়া জেলার বিভিন্ন উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে এই দিবস উপলক্ষে ছাত্রছাত্রীরা বিষ্ণুরাভা সঙ্গীত, কবিতা, ক্যুইজ, রচনা, ছবি আঁকা প্রতিযোগিতা ইত্যাদির মাধ্যমে তাঁকে স্মরণ করেছে। একইসঙ্গে কলাগুরুর জীবন ও তাঁর কাজকর্ম নিয়ে আলোচনা সভাও অনুষ্ঠিত হয়েছে । প্রতিটি বিধানসভা এলাকা থেকে বিশিষ্ট ব্যক্তিবর্গ এই বিশিষ্ট সাহিত্যব্রতী, স্বাধীনতা সংগ্রামীর জীবনের বিভিন্ন দিক নিয়ে ছাত্রছাত্রীর সামনে বক্তব্য তুলে ধরেন ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে রাভা দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে জেলার সব শিক্ষা প্রতিষ্ঠানে কলাগুরু বিষ্ণু প্রসাদ রাভার জীবনাদর্শন নিয়ে সেমিনার ,কুইজ , রচনা এবং অংকন প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়েছে । পাশাপাশি দুটি প্রচার গাড়ি জেলা জুড়ে রাভা-সংগীত প্রচার করে । এছাড়া হাইলাকান্দি শহরের এস এস কলেজে আয়োজিত এক অনুষ্ঠানের মাধ্যমে রাজ্য সরকার আয়োজিত রাভা দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার বড় পর্দায় দেখানো হয় ।

---

শ্রীভূমি জেলায়ও আজ কলাগুরু বিষ্ণু প্রসাদ রাভার তিরোধান দিবস রাভা দিবস হিসেবে পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে আজ সকালে জেলা উন্নয়ন আয়ুক্ত দীপক জিডুং ও ভারপ্রাপ্ত সংস্কৃতি উন্নয়ন আধিকারীক রাসিকা ইসলাম পতাকা নেড়ে এক ট্যাবলোর যাত্রা সূচনা করেন । বিকেল সাড়ে চারটায় জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে কলাগুরু বিষ্ণু প্রসাদ রাভার প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয় । এরপর

নলবাড়ী জেলায় মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মার উপস্থিতিতে আয়োজিত রাভা দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানের সরাসরি সম্প্রচার করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

গৌহাটী হাইকোর্ট আসাম লোকসেবা আয়োগের পরীক্ষায় অনিয়মের মামলায় বর্খাস্থ সরকারী আধিকারীকদের চাকুরী বহাল রাখার নির্দেশ দিয়েছে ।রাকেশ কুমার পাল আসাম লোকসেবা আয়োগের অধ্যক্ষ থাকাকালীন টাকার বিনিময়ে চাকুরি পাওয়ার অভিযোগে আসাম প্রশাসনিক সেবার আধিকারীক সহ বেশ কয়েকজন আধিকারীককে চাকুরী থেকে বরখাস্থ করা হয়েছিল ।পরবর্তী পর্যায়ে এই আধিকারীকরা তাদেরকে চাকুরী থেকে বরখাস্থ করার প্রত্যাহ্বান জানিয়ে হাইকোর্টে আবেদন জানান ।হাইকোর্টের এক সদস্যের বিচারপীঠ তাদের এই আবেদন খারিজ করে দেয় । আধিকারীকরা পুনরায় এই রায়ের প্রত্যাহ্বান জানিয়ে খন্ড আদালতে আবেদন দাখিল করে ।এই আবেদনের ভিত্তিতে গৌহাটি হাইকোর্টের খন্ড আদালত এই আধিকারীকদের চাকুরী বহাল রাখার নির্দেশ দেয় ।

---------------------------------------------------------------------------------------------

সমগ্র দেশ তথা বিশ্বের বিভিন্ন প্রান্তের সঙ্গে আসামেও আগামীকাল একাদশ আন্তর্জাতিক যোগ দিবস পালনের প্রস্তুতি সম্পূর্ণ । প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল সকাল সাড়ে ৫ টায় অন্ধ্রপ্রদেশের বিশাখাপত্তনমের আর কে বীচে আয়োজিত যোগ দিবসের কার্যসূচীতে অংশগ্রহণ করবেন । সেখানে প্রধানমন্ত্রীর সঙ্গে তিন লক্ষেরও বেশী লোক যোগ ব্যায়ামে অংশগ্রহণকরবেন । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা আগামীকাল সকাল ৬ টায় বাক্সা জেলার শালবারী কলেজের খেলার মাঠে আয়োজিত যোগ দিবসের কার্যসূচীতে অংশগ্রহণ করবেন ।এদিকে যোগ দিবসকে কেন্দ্র করে রাজ্যের বিভিন্ন প্রান্তে গত কয়েকদিন থেকে জেলা পর্যায়ের যোগ প্রতিযোগিতা , যোগ শিবির ইত্যাদির আয়োজন করা হচ্ছে ।
বরাক উপত্যকার তিন জেলায়ও আগামীকাল একাদশ আন্তর্জাতিক যোগ দিবস উপলক্ষে যোগ ব্যায়াম প্রদর্শন , যোগ প্রতিযোগিতা ইত্যাদির আয়োজন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আগামীকাল ১১তম আর্ন্তজাতিক যোগ দিবস শিলচর ইন্ডিয়া ক্লাবের ইন্ডোর স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে । এবছর যোগ দিবসের ভাবনা হচ্ছে- যোগ ফর ওয়ান আর্থ, ওয়ান হেলথ । আগামীকালের যোগ দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানে বরাক উপত্যকা উন্নয়ন বিভাগের মন্ত্রী কৌশিক রাই , সাংসদ পরিমল শুক্লবৈদ্য প্রমূখ উপস্থিত থাকবেন । অনুষ্ঠান শুরু হবে সকাল সাড়ে পাঁচটায় । এরপর সকাল সাড়ে

৬টায় প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ভাষন সরাসরি সম্প্রচার , সকাল ৭টা থেকে ৭টা ৪৫ মিনিট পর্য্যন্ত যোগ প্রদর্শনীর আয়োজন করা হয়েছে । এরপর রয়েছে পুরষ্কার বিতরনী অনুষ্ঠান ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে এবং জেলার স্বাস্থ্য বিভাগের সহযোগীতায় আগামী কাল শ্রীভূমি শহরের বিপিন পাল সভাগৃহে যোগ দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে । উল্লেখ্য আগে এই অনুষ্ঠান ডি এস এ-র ইন্ডোর স্টেডিয়ামে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল । আগামী কাল সকাল ৭টা থেকে যোগ ব্যায়াম প্রর্দশন করা হবে ।

এদিকে হাইলাকান্দি জেলায় আর্ন্তজাতিক যোগ দিবসের কেন্দ্রীয় অনুষ্ঠান আগামীকাল হাইলাকান্দি টাউন হলে অনুষ্টিত হবে ।

---

শ্রীভূমি জেলা আয়ুক্তের কার্যালয়ে আজ জেলার অভিভাবক মন্ত্রী কৌশিক রাইয়ের পৌরহিত্যে জেলার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প সম্পর্কে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয় । সভায় জেলার অরুণোদয় প্রকল্প, চাবাগানের শ্রমিকদের জন্য একটি কলি দুটি পাতা, মুখমন্ত্রীর মহিলা উদ্যমিতা এবং মুখ্যমন্ত্রীর আত্মনির্ভর আসাম ২.০ ইত্যাদি বিভিন্ন প্রকল্পের রূপায়ণ এবং অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়েছে । সভায় শ্রীভূমি জেলায় প্রশাসনিক অগ্রগতির পাশাপাশি চলতে থাকা কল্যাণমূলক পদক্ষেপসমূহ শক্তিশালী করার জন্যে ভবিষ্যতের কৌশলসমূহের বিষয়ে বিস্তারিতভাবে আলোচনা করা হয় । আজকের পর্যালোচনা সভায় রাজ্যসভার প্রাক্তন সাংসদ মিশন রঞ্জন দাস, শ্রীভূমি জেলা পরিষদের মুখ্য কার্যবাহী আধিকারিক, অতিরিক্ত জেলা আয়ুক্ত, শ্রীভূমি পৌরসভার চেয়ারম্যান, জেলা বিজেপি সভাপতি সহ অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকরা উপস্থিত ছিলেন ।

---

হাইলাকান্দি জেলার খাদ্য ও অসামরিক সরবরাহ বিভাগের সহকারী সঞ্চালক জেলার চারজন রেশন দোকানীর লাইসেন্স সাময়িকভাবে বাতিল করেছেন । খাদ্য সুরক্ষার চাল বন্টনের জন্য নির্দিষ্ট প্রতি মাসের প্রথম দশ দিন অর্থাৎ অন্ন সেবার দিনগুলিতে চাল বিতরনে অনিয়ম পরিলক্ষিত হওয়ায় লাইসেন্স সাময়িক বাতিল করা হয়েছে । লাইসেন্স বাতিল হওয়া দোকানের মালিকরা হচ্ছেন-আফিয়া বেগম লস্কর , নিজাম উদ্দিন বড়ভুইয়া , প্রবীর দাস ও কান্তি দত্ত ।

---